

প্রকৌশল অনুষদ (H ইউনিট)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার (একাডেমিক) দপ্তরের গত ১৪-০১-২০১৮ তারিখের পত্র নং- এ-৪০-৪/২-১(২০১৭-২০১৮) এবং ছাত্র উপদেষ্টার দপ্তরের গত ১৪-০১-২০১৮ তারিখের পত্র নং- ৯৯৭০/ছাঃ উঃ-এর প্রেক্ষিতে জানছি যে, প্রকৌশল অনুষদে ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষের ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় (H Unit) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৫-০১-২০১৮ হতে ১৮-০১-২০১৮ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে অত্র অনুষদ অফিসে উপস্থিত হয়ে বিভাগ পছন্দক্রম ফরম পূরণের জন্য জানানো যাচ্ছে। উক্ত সময়ের মধ্যে বিভাগ পছন্দক্রম ফরম পূরণ না করলে তাদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, আগামী ২১-০১-২০১৮ তারিখ প্রাপ্ত বিভাগের বিজ্ঞপ্তি ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও করণীয় :

- অন-লাইনে পূরণকৃত ০২ (দুই) কপি প্রিন্টেড ফরম (A4 সাইজের অফসেট কাগজ)।
- এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল নম্বরপত্র (বিভাগে ১ বছর জমা থাকবে) ও সত্যায়িত ফটোকপি (২ সেট)।
- শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্র।
- এইচ.এস.সি এর মূল রেজিস্ট্রেশন কার্ড।
- ভর্তি পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশ পত্র।
- ৩৮৫০.০০ (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা Dutch Bangla মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করতে হবে। ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী admission.ru.ac.bd -তে পাওয়া যাবে।
- বিভাগীয় ফিস সমূহ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হলে নিজ নিজ বিভাগে গিয়ে জমা দিতে হবে।

অন-লাইনে ভর্তি ফরম পূরণের নিয়মাবলী admission.ru.ac.bd -তে পাওয়া যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণে যে কোন সমস্যা হলে তথ্যাদির জন্য প্রকৌশল অনুষদ অফিসে (টেলিঃ ৭১১১২৫ নম্বরে) যোগাযোগ করা যেতে পারে। যে কোনো ধরনের ভুল সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(প্রফেসর ড. মোঃ মামুন-উর-রশীদ খন্দকার)

ডীন

প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।